

📖 নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

আবু জাহলের দো‘আ (دعاء أبي جهل)

মাক্কী বাহিনী যখন মাদানী বাহিনীর নিকটবর্তী হ’ল, তখন আবু জাহল আল্লাহর নিকটে প্রার্থনা করে বললেন, **اللَّهُمَّ إِنَّا كَانُوا أَحَبُّ إِلَيْنَا كَانَ أَحَبُّ إِلَيْكَ** ‘হে আল্লাহ! আমাদের উভয়দলের মধ্যে যে দল অধিক আত্মীয়তার সম্পর্ক ছিলকারী এবং আমাদের নিকট এমন বস্তু (কুরআন) আনয়নকারী যা আমরা জানি না, তুমি তাকে ধ্বংস করে দাও’! [1] অন্য বর্ণনায় এসেছে, যুদ্ধের শুরুতে তিনি বলেছিলেন, **اللَّهُمَّ إِنَّا كَانُوا أَحَبُّ إِلَيْنَا كَانَ أَحَبُّ إِلَيْكَ** ‘হে আল্লাহ! আমাদের মধ্যে যে তোমার নিকটে সর্বাধিক প্রিয় ও তুমি যার প্রতি সর্বাধিক সন্তুষ্ট, আজ তুমি তাকে সাহায্য কর। হে আল্লাহ! আমাদের মধ্যে যে দল সর্বাধিক হক-এর উপরে আছে, তুমি আজ তাকে সাহায্য কর’। [2]

এদিকে ইঙ্গিত করে আল্লাহ বলেন, **إِنْ تَسْتَفْتِحُوا فَقَدْ جَاءَكُمْ الْفَتْحُ وَإِنْ تَنْتَهُوا فَهُوَ خَيْرٌ لَكُمْ وَإِنْ تَعُودُوا نَعُدْ وَلَنْ تُغْنِيَ عَنْكُمْ فِتْنَتُكُمْ شَيْئاً وَلَوْ كَثُرَتْ وَأَنَّ اللَّهَ مَعَ الْمُؤْمِنِينَ** ‘যদি তোমরা ফায়ছালা চাও, তবে সেটাতো তোমাদের সামনে এসেই গেছে। আর যদি ক্ষান্ত হও, তবে সেটাই তোমাদের জন্য উত্তম। কিন্তু যদি তোমরা ফের আগে বাড়া, তাহ’লে আমরাও ফিরে আসব। (মনে রেখ) তোমাদের দল যত বড়ই হোক, তা তোমাদের কোন কাজে আসবেনা। বস্তুতঃ আল্লাহ মুমিনদের সাথেই থাকেন’ (আনফাল ৮/১৯)।

ফুটনোট

[1]. হাকেম হা/৩২৬৪, ২/৩২৮; সনদ ছহীহ; ইবনু হিশাম ১/৬২৮; মুছান্নাফ ইবনু আবী শায়বা হা/৩৭৮২৯; তাফসীর কাশশাফ প্রভৃতি।

[2]. যাদুল মা‘আদ ৩/১৬৫; সীরাহ হালাবিয়াহ ২/৪১৮; আর-রাহীক পৃঃ ২১৬।

🌐 Source — <https://www.hadithbd.com/books/link/?id=5403>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন